ভোরের কাগজ

তারিখ 25 DEC 1998
পৃষ্ঠা 8 কলাম 7

18

## শিক্ষাঙ্গনে শিক্ষার্থীর নিরাপত্তা

দেশের সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠান হলো বিশ্ববিদ্যালয়। সবার মনেই বিশ্ববিদ্যালয়ে উচ্চতর শিক্ষা নেওয়ার একটা সুপ্ত আশা থাকে। কিন্তু আজ আমাদের অভিভাবকগণ উৎসাহ দেওয়ার পরিবর্তে আমাদেরকে, নিরুৎসাহীত করছেন বিশ্ববিদ্যালয়ে পড়ার ব্যাপারে, কারণ তারা তাদের সন্তানদের পড়তে সেখানে পাঠিয়ে নিশ্চিত থাকতে পারেন না। তারা সবসময় শঙ্কিত থাকেন এই ভেবে যে তাদের সন্তানরা সুস্থভাবে ফিরতে পারবে কিনা। এর প্রধান কারণ বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন সন্ত্রাসী ঘটনা। এখানে ছাত্র নামধারী কিছু সন্ত্রসী সাধারণ ছাত্রদের রক্ত নিয়ে হোলিখেলায় মত্ত।

আমরা জানি, সন্ত্রাস ও শিক্ষা কখনো এক সঙ্গে থাকতে পারে না। কিন্তু আমাদের বিশ্ববিদ্যালয়গুলোতে এই দুটি পরস্পরবিরোধী বিষয় সহাবস্থান করে আসছে বহুদিন ধরে। দেশের সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে যদি এই অবস্থা বিরাজমান থাকে তাহলে আমাদের ভবিষ্যৎ কোন আঁধারে নিমজ্জিত হবে তা সহজেই অনুমেয়। এখনো ছেলেমেয়েরা ছাত্র হয়ে পড়তে যায় বিশ্ববিদ্যালয়ে কিন্তু ফিরে আসে লাশ হয়ে। এভাবে ঝরে গেলো বকুল, সঞ্জয়ের মতো বহু তাজা প্রাণ, যাদের চোখে ছিল ভবিষ্যতের সোনালি স্বপ্ন। যে সোনালি স্বপ্নের অঞ্জন মেখে তারা পড়তে গিয়েছিল, সে অঞ্জন মুছে দিয়েছে ছাত্র নামধারী কিছু সন্ত্রাসী।

এই সন্ত্রাসীদের এহেন সন্ত্রাসী কার্যকলাপ যতোদিনে বন্ধ হবে না, ততোদিন বিশ্ববিদ্যালয়ে সত্যিকারের ছাত্ররা নিরাপত্তাহীন থাকবে। কিন্তু এমনটাতো কারো কাম্য নয়। যদি প্রত্যেকটি ছাত্র সংগঠনের কেন্দ্রীয় নেতারা আগ্রহী হন তাহলে এই সন্ত্রাসী কার্যকলাপ বন্ধ করা শুধু সময়ের ব্যাপার।

মৌসুমী নাথ
প্রঃ কানাই লাল নাথ
বাংলাদেশ ব্যাংক
চট্টগ্রাম-৪০০০।